দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 JUN 1989
পৃষ্ঠা ৪ কলাম ৪

০৪

# প্রকৌশল ভার্সিটিতে ছাত্র ধর্মঘট

(বুয়েট সংবাদদাতা)

গতকাল শনিবার বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখার আহ্বানে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ধর্মঘট পালিত হয়। গত বৃহস্পতিবার রাতে ক্যাম্পাসে বহিরাগতদের সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে ছাত্র ইউনিয়ন এই ধর্মঘট ডাকে। জাসদ সমর্থিত ছাত্রলীগ ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কিছু বহিরাগত উচ্ছৃংখল লোক আমদানী করেছে বলে ছাত্র ইউনিয়ন অভিযোগ করে।

এর আগের দিন রাতে ধর্মঘটের ডাক দিয়ে ছাত্র ইউনিয়নের প্রচার মিছিল বের হয়। পাঁচদল সমর্থিত ছাত্র সংগঠনগুলো এই ধর্মঘটের বিরোধীতা করে।

এই ধর্মঘটকে কেন্দ্র করে গতকাল ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করে। সকালে ক্যাফেটেরিয়া এলাকায় ছাত্র ইউনিয়নের কর্মীদের হাতে ছাত্রলীগ (মুকুল)-এর কয়েকজন কর্মী প্রহৃত হয়। এরপর পাঁচ দল সমর্থিত ছাত্র সংগঠনগুলি ক্যাম্পাসে এক মিছিল বের করে।